



বাংলাদেশ আওয়ামী লীগ

ডেঙ্গু প্রতিরোধ ও চিকিৎসা মনিটরিং সেল

স্মারক নং- বা.আ./ডে.প্র.চি.ম.সে./২০১৯/

তারিখ : ০৫-০৮-২০১৯ খ্রিঃ

প্রতি,
সভাপতি/ সাধারণ সম্পাদক
বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন
সকল শাখা

প্রিয় সহকর্মী,

শুভেচ্ছা নিবেন।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, সাম্প্রতিক সময়ে ঢাকা মহানগরীসহ সারাদেশে ডেঙ্গু ভাইরাস জনিত রোগের প্রকোপ বৃদ্ধি পেয়েছে এবং চিকিৎসক সহ বেশ কিছু ডেঙ্গু আক্রান্ত রোগী অকাল মৃত্যুবরণ করেছে। বিষয়টি নিয়ে জনমনে আতঙ্ক ও অস্বস্তিকর পরিস্থিতি বিরাজ করছে।

উদ্ধৃত পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় বাংলাদেশ আওয়ামী লীগ সারা দেশে ডেঙ্গু পরিস্থিতি মনিটরিং করার জন্য একটি কেন্দ্রীয় মনিটরিং সেল গঠন করেছে। মনিটরিং সেলের করণীয়: (১) দেশের ৬৪টি জেলায় মনিটরিং সেল গঠন, (২) জন সচেতনতা সৃষ্টি, (৩) চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীদের কাজে উৎসাহিত করা, (৪) সরকারের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্টের ব্যবস্থা করা এবং (৫) সকল জেলায় প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মী নিশ্চিত করা।

এমতাবস্থায় (১) আপনি আপনার জেলায় দ্রুততম সময়ের মধ্যে বিএমএ ও স্বাচিপ এর সভাপতি-সাধারণ সম্পাদক, জেলার সিভিল সার্জন, স্থানীয় বিশেষজ্ঞ চিকিৎসক সহ একটি মনিটরিং সেল গঠন করে কেন্দ্রীয়ভাবে নির্ধারিত করণীয় সমূহ বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ করার উদ্যোগ গ্রহণ করবেন। (২) আপনার এলাকার যাবতীয় করণীয় সম্পর্কে সময় সময় কেন্দ্রীয় মনিটরিং সেলকে টেলিফোন নং ও ই-মেইল: এর মাধ্যমে অবগত করবেন। (৩) স্থানীয়ভাবে যে কোন সমস্যা সমাধান জেলার জনপ্রতিনিধির সাথে যোগাযোগ করবেন এবং প্রয়োজনে কেন্দ্রীয় মনিটরিং সেলকে জরুরীভাবে অবগত করবেন। (৪) আপনারা যে কাজ করবেন তা স্থানীয় গণমাধ্যমে প্রচারের ব্যবস্থা করবেন যাতে করে স্থানীয় জনমনে আতঙ্ক দূরীভূত হয়।

উল্লেখ্য যে, বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় ডেঙ্গু সেলের কন্ট্রোল রুম বিএমএ ভবন (নীচতলা), ১৫/২ তোপখানা রোড, ঢাকা-১০০০ -এ স্থাপন করা হয়েছে।

জরুরী যোগাযোগ: টেলিফোন নং- +৮৮০২-৯৫৬৮৭১৪

মোবাইল নং- ০১৯১৭০৮২৭০৬

ই-মেইল: bma.org.bd@gmail.com

ধন্যবাদসহ

ডা. মোস্তফা জালাল মইউদ্দিন

আহবায়ক

ডেঙ্গু পরিস্থিতি ও চিকিৎসা মনিটরিং সেল

বাংলাদেশ আওয়ামী লীগ।